

## 💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ বিত্র রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## বিতরের কাযা

বিত্র নামায যথা সময়ে না পড়া হলে তা কাযা পড়া বিধেয়। মহানবী (ﷺ) বলেন, "যে ব্যক্তি বিত্র না পড়ে ঘুমিয়ে যায় অথবা তা পড়তে ভুলে যায় সে ব্যক্তি যেন তা স্মরণ হওয়া মাত্র তা পড়ে নেয়।" (আহমাদ, মুসনাদ, সুনানু আরবাআহ (আবূ দাউদ, তিরমিযী, নাসাঈ ও ইবনে মাজাহ্),হাকেম, মুস্তাদরাক, জামে ৬৫৬২নং) তিনি আরো বলেন, "যে ব্যক্তি ঘুমিয়ে থেকে বিত্র না পড়তে পারে সে ব্যক্তি যেন ফজরের সময় তা পড়ে নেয়।" (তিরমিযী, সুনান, ইর: ৪২২, জামে ৬৫৬৩নং)

খোদ মহানবী (ﷺ) এর কোন রাত্রে বিত্র না পড়ে ফজর হয়ে গেলে তখনই বিত্র পড়ে নিতেন। (আহমাদ, মুসনাদ ৬/২৪৩, বায়হাকী ১/৪৭৯, ত্বাবারানী, মু'জাম, মাজমাউয যাওয়াইদ,হাইষামী ২/২৪৬)

একদা এক ব্যক্তি মহানবীর দরবারে এসে বলল, 'হে আল্লাহর নবী! ফজর হয়ে গেছে অথচ আমি বিত্র পড়তে পারিনি।' তিনি বললেন, "বিত্র তো রাত্রেই পড়তে হয়।" লোকটি পুনরায় বলল, 'হে আল্লাহর নবী! ফজর হয়ে গেছে অথচ আমি বিত্র পড়তে পারিনি।' এবারে তিনি বললেন, "এখন পড়ে নাও।" (ত্বাবারানী, মু'জাম, সিলসিলাহ সহীহাহ, আলবানী ১৭১২নং)

এ হাদীস থেকে স্পষ্ট হয় যে, ফজর হয়ে গেলেও বিতর নামায বিতরের মতই কাযা পড়া যাবে। (সিলসিলাহ সহীহাহ, আলবানী ৪/২৮৯ দ্র:)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3034

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন